




চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)
হাজীগঞ্জ, চাঁদপুর।



ISO 9001-2015 Certified

যোগাযোগ : ০৮৪২৪-৭৫২৫৫ (অফিস), ০৮৪২৪-৭৫৩৬৬ (বাসা), ইমেইল : chandpbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.১৩৪৯.৫০৪.০২.০০৮.১৯.৭৬২০

তারিখঃ ২২ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
৭ অক্টোবর ২০১৯ খ্রিষ্টাব্দ

“নিয়োগ বিজ্ঞপ্তি”

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ কচুয়া জোনাল অফিসের জন্য “মেডিকেল রিটেইনার (চুক্তিভিত্তিক)” পদে নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

শর্তাবলী :

- আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। কচুয়া উপজেলায় কর্মরত/বসবাসরত প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- মেডিকেল রিটেইনার পদের প্রার্থীকে বাংলাদেশের যেকোন মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশ হতে হবে।
- মনোনীত প্রার্থীর সহিত ০২ (দুই) বৎসরের চুক্তি সম্পাদন করা হবে। তবে উভয় পক্ষের সম্মতিতে মেয়াদ স্বয়ংক্রীয় ভাবে ০১ বৎসর করে বৃদ্ধি করা হবে। যেকোন পক্ষ ০১ (এক) মাসের পূর্ব নোটিশ প্রদানের মাধ্যমে চুক্তির অবসান ঘটাতে পারবেন। তবে কর্তৃপক্ষ যেকোন সময় উক্ত চুক্তি বাতিল করার সম্পূর্ণ ক্ষমতা সংরক্ষন করেন।
- নিয়োগপ্রাপ্ত মেডিকেল রিটেইনারকে সপ্তাহে কমপক্ষে ০২ (দুই) দিন ০১ (এক) ঘণ্টা করে কচুয়া জোনাল অফিসে (কচুয়া) উপস্থিত থেকে অফিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের এবং তাদের নির্ভরশীল সদস্যদের জন্য চিকিৎসা সেবা প্রদান করতে হবে।
- জরুরী যে কোন সময় কোন কর্মকর্তা/কর্মচারী এবং তাদের পরিবারবর্গ যদি চিকিৎসকের চেয়ারে মেডিকেল সেবা গ্রহণের জন্য গমন করেন, সে ক্ষেত্রে তাদের নিকট হতে কোন প্রকার ফি গ্রহণ করা যাবে না।
- যদি কোন কর্মকর্তা/কর্মচারী মেডিকেল সেবার জন্য মেডিকেল রিটেইনারকে নিজ বাসস্থানে আমন্ত্রণ জানান তাহলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগন যাতায়াত খরচ সহ নির্ধারিত ফি বহন করবেন।
- দুর্ঘটনা বা যেকোন জরুরী প্রয়োজনে নিয়োগপ্রাপ্ত মেডিকেল রিটেইনারকে সমিতির ভৌগলিক এলাকায় যে কোন স্থানে যেতে হতে পারে এবং এ জন্য মেডিকেল রিটেইনারকে প্রকৃত যাতায়াত ভাতা প্রদান করা হবে।
- মাসিক সর্বোচ্চ ৪০০০/- (চার হাজার) টাকা করে রিটেইনার ফি প্রদান করা হবে।
- এ নিয়োগ চুক্তি সম্পাদনের তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য বলবৎ থাকবে।
- উল্লিখিত যেকোন শর্ত পরিবর্তন, পরিবর্ধন বা বাতিল করার সম্পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন।
- উপরোক্ত পদে নিয়োগ লাভে ইচ্ছুক অগ্রহী প্রার্থীগণকে সাদা কাগজে নিম্নলিখিত তথ্যাদি উল্লেখপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র সম্বলিত দরখাস্ত আগামী ২২/১০/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর বরাবরে পৌঁছাতে হবে।
- আবেদনের পদ্ধতি :

- আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে)।
- পিতার নাম
- মাতার নাম
- স্থায়ী ঠিকানা
- বর্তমান ঠিকানা
- শিক্ষাগত যোগ্যতা
- জন্ম তারিখ
- ধর্ম
- অভিজ্ঞতা
- সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) জাতীয়তার সনদপত্র, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি এবং সাম্প্রতিক কালে তোলা তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।


(মোঃ কফায়েত উল্লাহ)
জেনারেল ম্যানেজার

অনুলিপি : (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।

- জেলা প্রশাসক, চাঁদপুর।
- পুলিশ সুপার, চাঁদপুর।
- সিভিল সার্জন, চাঁদপুর।
- উপজেলা চেয়ারম্যান, চাঁদপুর।
- উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা, জেলা-চাঁদপুর।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম জোন, বাপবিবো, কুমিল্লা।
- নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/গনপূর্ত/এলজিইডি, চাঁদপুর।
- নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবোর্ড, কুমিল্লা।
- উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চাঁদপুর সদর, আলীগঞ্জ, ফরিদগঞ্জ/কচুয়া/মতলব(দঃ)/মতলব (উঃ)/শাহরাস্তি/হাইমচর, জেলা-চাঁদপুর।
- ডিজিএম, কচুয়া, শাহরাস্তি জোনাল অফিস, (সদর-কারিগরী), চাঁদপুর পবিস-১।
- এজিএম (ইএন্ডসি/ওএন্ডএম/এমএস/অর্থ-রাজস্ব/অর্থ-হিসাব), চাঁদপুর পবিস-১।
- নোটিশ বোর্ড/অফিস নথি/মাষ্টার নথি।


(মোঃ কফায়েত উল্লাহ)
জেনারেল ম্যানেজার